যুগান্তর

তারিখ : 08 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

নীতিমালা ভঙ্গ

# চার মেডিকেল কলেজ নতুন শিক্ষার্থী ভর্তি করতে পারবে না

যুগান্তর রিপোর্ট

নীতিমালার শর্ত পূরণ না করে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়া চারটি মেডিকেল কলেজ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। কলেজগুলো হল— রংপুরের নর্দান মেডিকেল কলেজ, গাজীপুরের সিটি মেডিকেল কলেজ, আশুলিয়ার নাইটিঙ্গেল মেডিকেল কলেজ এবং আশিয়ান মেডিকেল কলেজ। আগামী এক বছরের মধ্যে শর্তগুলো পূরণ করতে না পারলে এসব কলেজের কার্যক্রম বন্ধ করে দেয়া হবে। সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তিসংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে এ সভায় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সচিব মো. সিরাজুল ইসলাম, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, বিএমএ মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান প্রমুখ উপস্থিত ছিলেন। সম্প্রতি বিভিন্ন মেডিকেল কলেজ পরিদর্শনের ফলে শর্তাবলি পূরণ না করার বিষয়টি চিহ্নিত হওয়ায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ডিসেম্বরের মধ্যে দেশের সব বেসরকারি মেডিকেল কলেজ পরিদর্শন কাজ শেষ করে প্রতিবেদন জমা দেয়ার জন্য স্বাস্থ্যমন্ত্রী সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

**জেলা হাসপাতালের খবর নিলেন স্বাস্থ্যমন্ত্রী :** তৃণমূল পর্যায়ের সাধারণ মানুষের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ও সিভিল সার্জনদের নিয়মিত উপজেলা ও ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স এবং কমিউনিটি ক্লিনিক পরিদর্শনের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। সোমবার সচিবালয়ে নিজ অফিস কক্ষ থেকে ভিডিও কনফারেন্স যোগে কয়েকটি বিভাগের স্বাস্থ্য পরিচালক ও জেলার সিভিল সার্জনের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ নির্দেশ দেন। তৃণমূল পর্যায়ের স্বাস্থ্যসেবা সম্পর্কে আকস্মিক খোঁজখবর নেয়ার পদক্ষেপ হিসেবে তিনি ভিডিও কনফারেন্সের উদ্যোগ নেন।

**ইউএনএফপিএ'র প্রতিনিধির বিদায়ী সাক্ষাৎ :** বাংলাদেশে ইউএনএফপিএ'র প্রতিনিধি আর্জেন্টিনা মাতাভেল সোমবার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় তিনি বাংলাদেশে মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে মিডওয়াইফ সেবা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি জানান, বাংলাদেশে মিডওয়াইফ পেশায় আগ্রহীদের উন্নত প্রশিক্ষণের সুযোগ তৈরি হয়েছে।